

## **া** মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১৫৫১

8১. হুদুদের অধ্যায় (كتاب الحدود) পরিচ্ছেদঃ ১. প্রস্তরাঘাত করা

# باب مَا جَاءَ فِي الرَّجْم

#### আরবী

حَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَزَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ أَنَّهُمَا أَخْبَرَاهُ أَنَّ رَجُلَيْنِ اخْتَصَمَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَحَدُهُمَا يَا رَسُولَ اللَّهِ اقْصِ بَيْنَنا بِكِتَابِ اللَّهِ وَقَالَ الْآخِرُ وَهُو اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَحَدُهُمَا يَا رَسُولَ اللَّهِ فَاقْضِ بَيْنَنا بِكِتَابِ اللَّهِ وَأَذَنْ لِي فِي أَنْ أَتكَلَّمَ قَالَ تَكَلَّمُ فَقَالَ إِنَّ ابْنِي كَانَ عَسِيفًا عَلَى هَذَا فَزَنَى بِامْرَأَتِهِ فَأَخْبَرنِي أَنَّ عَلَى ابْنِي الرَّجْمَ فَافْتَدَيْتُ مِنْهُ بِمِائَةِ شَاةٍ وَبِجَارِيَةٍ لِي ثُمَّ إِنِي سَأَلْتُ أَهْلَ الْعِلْمِ فَأَخْبَرُونِي أَنَّ مَا عَلَى ابْنِي جَلْدُ مِائَةٍ وَيَجَارِيَةٍ لِي ثُمَّ إِنِي سَأَلْتُ أَهْلُ الْعِلْمِ فَأَخْبَرُونِي أَنَّ مَا عَلَى ابْنِي جَلْدُ مِائَةٍ وَتَعْرِيبُ عَامٍ وَأَخْبَرُونِي أَنَّ مَا الرَّجْمُ عَلَى امْرَأَتِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَعْرِيبُ عَامً وَأَخْبُرُونِي أَنَّ مَا عَلَى الْأَدُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَالْعَسِيفُ الْأَسْلَمِيَّ أَنْ يَأْتِي الْلَّهُ أَمَّا عَنَمُكَ وَجَارِيَتُكَ فَرَدُّ عَلَيْكُ وَجَلَدَ وَالْمَالَاتُ وَالْعَسِيفُ الْأَهُ الْمَالَمِيَّ أَنْ يَأْتِي الْمُرَأَةِ الْآخَرِ فَإِنْ اعْتَرَفَتْ رَجَمَهَا قَالَ مَالِكَ وَالْعَسِيفُ الْأَجِيرُ

#### বাংলা

রেওয়ায়ত ৬. আবু হুরায়রা (রাঃ) ও খালিদ জুহানী (রাঃ) বলেনঃ দুই ব্যক্তির মধ্যে ঝগড়া হইয়া তাহারা উভয়ে রাসূল্ল্লাহ সাল্লাল্লাহ আলায়হি ওয়া সাল্লামের খিদমতে উপস্থিত হইল। তাহাদের একজন বলিলঃ ইয়া রাসূলাল্লাহ আলাহর কিতাবের আইন অনুসারে আমাদের মীমাংসা করিয়া দিন। দ্বিতীয় ব্যক্তি খুব চতুর ছিল, বলিতে লাগিল : ইয়া রাসূলাল্লাহ্, আলাহর কিতাব অনুসারে মীমাংসা করুন এবং আমাকে কথা বলিতে দিন। রাসূল্ল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ তুমি কি বলিতে চাও বল। সে বলিলঃ আমার ছেলে এই ব্যক্তির এখানে চাকর ছিল। সে এ ব্যক্তির স্ত্রীর সহিত ব্যভিচার করিয়াছে। অনেকে বলিলঃ তোমার ছেলেকে প্রস্তরাঘাত করা হইবে। আমি তাহার পক্ষ হইতে একশত বকরী এবং একটি দাসী ক্ষতিপূরণ হিসাবে দান করিলাম। অতঃপর আমি আলিমদের নিকট জিজ্ঞাসা করিলাম। তাহারা বলিলেনঃ তোমার ছেলেকে একশত বেত্রাঘাত করা হইবে এবং এ



বৎসরের জন্য নির্বাসন দেওয়া হইবে। আর তাহার স্ত্রীকে প্রস্তরাঘাত করা হইবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ আল্লাহর কিতাব অনুসারেই আমি তোমাদের ফয়সালা করিব। তোমার বকরী ও দাসী তুমি ফেরত লইয়া যাও। ইহা তোমার মাল। অতঃপর তাহার ছেলেকে একশত বেত্রাঘাত লাগান হইল আর এক বৎসরের জন্য দেশ ত্যাগের আদেশ দিলেন এবং আনীস আসলামীকে দ্বিতীয় ব্যক্তির স্ত্রীকে হাযির করিতে নির্দেশ দেওয়া হইল। সেই স্ত্রীলোক অপরাধ স্থীকার করিলে তাহাকে প্রস্তারাঘাত করিতে বলা হইল। স্ত্রীলোকটি অপরাধ স্থীকার করায় তাহাকে প্রস্তরাঘাত করা হইল।

মালিক (রহঃ) বলেনঃ উক্ত হাদীসে যে 'আসীফ' (العسيف) শব্দ রহিয়াছে, উহার অর্থ ভূত্য।

### **English**

Malik related to me from Ibn Shihab from Ubaydullah ibn Abdullah ibn Utba ibn Masud that Abu Hurayra and Zayd ibn Khalid al-Juhani informed him that two men brought a dispute to the Messenger of Allah, may Allah bless him and grant him peace. One of them said, "Messenger of Allah! Judge between us by the Book of Allah!" The other said, and he was the wiser of the two, "Yes, Messenger of Allah. Judge between us by the Book of Allah and give me permission to speak." He said, "Speak." He said, "My son was hired by this person and he committed fornication with his wife. He told me that my son deserved stoning, and I ransomed him for one hundred sheep and a slave-girl. Then I asked the people of knowledge and they told me that my son deserved to be flogged with one hundred lashes and exiled for a year, and they informed me that the woman deserved to be stoned." The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "By him in whose Hand myself is, I will judge between you by the Book of Allah. As for your sheep and slave girl, they should be returned to you. Your son should have one hundred lashes and be exiled for a year." He ordered Unays al-Aslami to go to the wife of the other man and to stone her if she confessed. She confessed and he stoned her.

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন